

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ১৬০

তারিখঃ ০৪ জুন ২০২৪

সভার নোটিশ

আগামী ০৬ জুন ২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ২.১-এর নির্দেশনার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা পরিচালক মহোদয়ের কক্ষে ও জুম ভারুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব আ.ন.ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

উক্ত সভায় যথাসময়ে জুমে যুক্ত/সরাসরি উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভার্চুয়াল সভায় অংশগ্রহণের জন্য Zoom Meeting Link, Meeting ID ও Password নিম্নে দেওয়া হলো;

Topic: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক

Join Zoom Meeting

<https://us06web.zoom.us/j/85097800235?pwd=Z0ahHVTktoadgY13RowT5PUC29DW5I.1>

Meeting ID: 850 9780 0235

Passcode: 1212



এস, আই, এম ফেরদৌউস আলম

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫১৬৪৮

ইমেইল: ada@ds.gov.bd

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ময়মনসিংহ
২. সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৩. জেলা ক্রীড়া অফিসার (সকল),
৪. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫. অফিস নথি

সদয় অবগতি:

১. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ৬৭৭

তারিখঃ ০৬ জুন ২০২৪

ক্রীড়া পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ২.১- এর নির্দেশনার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি	: জনাব আ,ন,ম তরিকুল ইসলাম পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
সভার তারিখ ও সময়	: ০৬/০৬/২০২৪খ্রি. তারিখ, দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	: পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা ও ভারুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার প্রারম্ভে আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মতাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।

এ পর্যায়ে সভাপতি বলেন, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায়, সে জন্য ক্রীড়া পরিদপ্তরের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে কিনা এবং ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিস থেকে সেবা গ্রহীতার নির্ধারিত সময়ের মধ্যে সেবা পেয়ে থাকেন কিনা এ বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের মতামত/পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন। আওতাধীন দপ্তর/সংস্থার মধ্য থেকে জনাব আবদুল মালেক তালুকদার, অধ্যক্ষ(চলতি দায়িত্ব) সরকারী শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সকলেই নির্ধারিত সময়ের মধ্যে সেবা পায়। জেলা ক্রীড়া অফিসার, সিরাজগঞ্জ জনাব মোঃ মাসুদ রানা বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সকলেই আরো দ্রুত সময়ের মধ্যে সেবা পাবেন, এসংক্রান্ত কোনো অভিযোগ নাই। জেলা ক্রীড়া অফিসার, রংপুর, জনাব মোঃ আসাদুজ্জামান, একই মতামত ব্যক্ত করেন।

অতঃপর সভাপতি ক্রীড়া পরিদপ্তর থেকে সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সেবা পাচ্ছেন কিনা জানতে চাইলে, জনাব এস, আই, এম ফেরদৌউস আলম, সহকারি পরিচালক (প্রশাসন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা বলেন, ক্রীড়া পরিদপ্তর থেকে নির্ধারিত সেবা সময়মতো দেওয়া হচ্ছে।

এ পর্যায়ে সভাপতি বলেন, সেবাসমূহ স্মার্ট ওয়েতে প্রদান করার উপর গুরুত্বারোপ করেন এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ভিত্তিতে ক্রীড়া পরিদপ্তর থেকে প্রদানকৃত সেবার মান আরও উন্নত করতে হবে। তিনি আরো বলেন, অনলাইনে আবেদনের মাধ্যমে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণের কাজ প্রায় শেষ শুধু উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন হলেই কার্যক্রম শুরু করা হবে।

সিদ্ধান্ত:

০১। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল এবং ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে নির্ধারিত সময়ে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ক্রীড়া পরিদপ্তরের সেবাসমূহ পর্যায়ক্রমে স্মার্ট ওয়েতে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আ.ন.ম. তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ২২৩৩৫৫৭৯

ইমেইল: director@ds.gov.bd

২২/৬/২৪

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ৫৭৭

তারিখ: ০৬ জুন ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ০১। অধ্যক্ষ (সকল), সরকারি শারীরিক শিক্ষা কলেজ,
- ০২। জেলা ক্রীড়া অফিসার,
- ০৩। সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ০৪। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস নথি।

২২/৬/২৪

এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৬৪৮
ইমেইল: ada@ds.gov.bd